# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৮৪

৪২/ জাহান্নামের বিবরণ (كتاب صفة جهنم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জাহান্নামীদের পানীয়।

## بَابُ مَا جَاءَ فِي صِفَةِ شَرَابِ أَهْلِ النَّارِ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، أَخْبَرَنَا صَفْوَانُ بْنُ عَمْرٍو، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ بُسْرٍ، عَنْ أَبِي أُمَامَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي قَوْلِهِ: (يُسْقَى مِنْ مَاءٍ صَدِيدٍ * يَتَجَرَّعُهُ) قَالَ " يُقَرَّبُ إِلَى فِيهِ فَيَكْرَهُهُ فَإِذَا أُدْنِيَ مِنْهُ شَوَى وَجْهَهُ وَوَقَعَتْ فَرْوَةُ رَأْسِهِ فَإِذَا شَرِبَهُ قَطَّعَ أَمْعَاءَهُ حَتَّى يَخْرُجَ مِنْ دُبُرِهِ يَقُولُ اللَّهُ: (وَسُقُوا مَاءً حَمِيمًا فَقَطَّعَ أَمْعَاءَهُمْ) وَيَقُولُ: (وَإِنْ يَسْتَغِيثُوا يُغَاثُوا بِمَاءٍ كَالْمُهْلِ يَشْوِي الْوُجُوهَ بِئْسَ الشَّرَابُ) " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَهَكَذَا قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ بُسْرٍ وَلاَ نَعْرِفُ عُبَيْدَ اللَّهِ بْنَ بُسْرٍ إِلاَّ فِي هَذَا الْحَدِيثِ وَقَدْ رَوَى صَفْوَانُ بْنُ عَمْرٍو عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ صَاحِبِ النَّبِيِّ صلى الله عليه وسلم غَيْرَ هَذَا الْحَدِيثِ وَعَبْدُ اللَّهِ بْنُ بُسْرٍ لَهُ أَخٌ قَدْ سَمِعَ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَأُخْتُهُ قَدْ سَمِعَتْ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَعُبَيْدُ اللَّهِ بْنُ بُسْرٍ الَّذِي رَوَى عَنْهُ صَفْوَانُ بْنُ عَمْرٍو حَدِيثَ أَبِي أُمَامَةَ لَعَلَّهُ أَنْ يَكُونَ أَخَا عَبْدِ اللَّهِ بْنِ بُسْرٍ .

বাংলা

২৫৮৪, সুওয়ায়দ ইবন নাসর (রহঃ) ..... আবূ উমামা (রাঃ) থেকে বর্ণিত যে,(يُسْقَى مِنْ مَاءٍ صَدِيدٍ * يَتَجَرَّعُهُ) ”তাদের (জাহান্নামীদের) পান করানো হবে গলিত পুঁজি যা সে অতি কষ্টে গলধঃকরণ করবে এবং তা গলধঃকরণ প্রায় অসম্ভব হয়ে যাবে।” (ইবরাহীম ১৪ঃ ৪৬, ১৭) প্রসঙ্গে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তার মুখের কাছে যখন তা নেওয়া হবে সে তা অপছন্দ করবে। আরো কাছে যখন নেওয়া হবে তার চেহারা পুড়ে যাবে এবং মাথার চামড়া তার (গলে) পড়ে যাবে। যখন তা পান করবে তখন নাড়ি-ভূঁড়ি সব গলিয়ে ছিন্ন-ভিন্ন করে ফেলবে এবং তা মলদ্বার দিয়ে বের হয়ে যাবে।

আল্লাহ্ তা’আলা ইরশাদ করেনঃ(وَسُقُوا مَاءً حَمِيمًا فَقَطَّعَ أَمْعَاءَهُمْ) এবং তাদেরকে (জাহান্নামীদের) পান করতে দেওয়া হবে ফুটন্ত পানি যা তাদের নাড়ি-ভূঁড়ি ছিন্ন-বিচ্ছিন্ন করে দিবে (মুহাম্মাদ ৪৭ঃ ৪৫)।

আল্লাহ্ তায়ালা আরো ইরশাদ করেনঃ((وَإِنْ يَسْتَغِيثُوا يُغَاثُوا بِمَاءٍ كَالْمُهْلِ يَشْوِي الْوُجُوهَ بِئْسَ الشَّرَابُ এরা (জাহান্নামীরা) পানি চাইলে এদেরকে দেওয়া হবে গলিত ধাতুর ন্যায় পানীয় যা তাদের মুখমণ্ডল দগ্ধ করে ফেলবে। এ কত নিকৃষ্ট পানীয় আর অগ্নি কত নিকৃষ্ট আশ্রয়! (কাহফ ১৮ঃ২১)

যঈফ, মিশকাত ৫৬৮০, তা’লীক অনুরূপ, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৮৩ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ) উবায়দুল্লাহ্ ইবন বুসর (রহঃ) এর বরাতে এই কথাই ব্যক্ত করেছেন। এই রিওয়ায়ত ছাড়া উবায়দুল্লাহ্ ইবন বুসর (রহঃ) এর পরিচিতি নেই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী আবদুল্লাহ্ ইবন বুসর (রাঃ) থেকে সাফওয়ান ইবন আমর (রহঃ) অন্য হাদীস রিওয়ায়ত করেছেন। এই আবদুল্লাহ্ ইবন বুসরের (রহঃ) এক ভাই এবং তাঁর বোনও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সরাসরি হাদীস শুনেছেন। আবু উমামা (রাঃ)-এর এই রিওয়ায়ত সাফওয়ান ইবন আমর (রহঃ) যে উবায়দুল্লাহ্ ইবন বুসর-এর বরাতে এ হাদীস রিওয়ায়ত করেছেন তিনি অন্য ব্যক্তি যিনি সাহাবী নন।

## English

Abu Umamah narrated regarding His (Allah's) statement:
"He will be given water of Sadid to drink, he will swallow it..." that the Prophet (s.a.w) said: " It will be brought toward his mouth and he will dislike it, so whenever it is brought closer to him it will melt his face and the skin of his head will fall into it. Then whenever he drinks from ithis bowels will be severed until it comes out from his anus. Allah, the Blessed and Exalted says: "And they will be given water of Hamim to drink such that it cuts up their bowels..." and He says: "And if they call for drink they will be given water of Muhl which melts the faces, the worst of drinks and the worst of abodes."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন । বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন